

১০/১১
২২

ঢাবির ঘটনার জন্য কোন ব্যক্তি বা গোষ্ঠীকে দায়ী করা হচ্ছে না কমিশনের রিপোর্ট চূড়ান্তঃ ঘটনার জন্য দায়ী করা হচ্ছে লেজুডবৃত্তি রাজনীতি

৥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহিংস ঘটনার জন্য লেজুডবৃত্তি রাজনীতিকে দায়ী করা হয়েছে। এছাড়াও ঘটনায় সংশ্লিষ্ট বিভিন্ন কর্তৃপক্ষের দায়িত্বহীনতা ও ছাত্রদের আত্মক্ষয়বোধকে চিহ্নিত করেছে গঠিত বিচার বিভাগীয় তদন্ত কমিশন। ঘটনার পেছনে এই কারণগুলো আনলে নিয়ে আগামীকাল মঙ্গলবার প্রধান উপদেষ্টার নিকট কমিশন মূল প্রতিবেদন পেশ করবে। প্রতিবেদনে শিক্ষা প্রতিষ্ঠানে সহিংস ঘটনা রোধের জন্য প্রতিরোধমূলক ও ঘটনার প্রাসঙ্গিক কিছু সুপারিশ থাকবে বলেও সূত্রসিঁট সূত্র জানায়।

সূত্র জানায়, গত ২০ ও ২১ আগস্টের সহিংস ঘটনার পেছনে কমিশন বিভিন্ন মহলের ইকন পেয়েছে। প্রতিবেদনে কোন ব্যক্তি বা গোষ্ঠীকে দায়ী করা হচ্ছে না। কমিশন প্রতিবেদন জমা দেয়ার জন্য ইতিমধ্যে অবতীর্ণ কাজ সম্পন্ন করেছে। ১০০ পাতার প্রতিবেদনে ২০ পাতা সুপারিশ থাকছে। প্রতিবেদনে কারাবন্দি চার শিক্ষকের মামলা প্রত্যাহার করে তাদের মুক্তি, ডাকসু ও হল নির্বাচন, লেজুডবৃত্তি ছাত্র-শিক্ষক রাজনীতি বন্ধ, ৭৩-এর বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ও বিশ্ববিদ্যালয়ের প্রটোকোল বিধিমালা সংশোধন, ক্যাম্পাসে দলীয় মিছিল বিটিং (২য় পৃঃ ৪-এর কঃ ৫ঃ)

ঢাবির ঘটনার জন্য

(প্রথম পৃঃ পর)

নিষিদ্ধ এবং ক্যাম্পাস ও সেনা ক্যাম্পের মধ্যে সম্পর্ক উন্নয়নের সুপারিশ করা হচ্ছে। এছাড়াও প্রতিবেদনে কমিশন অব ইনিকোজারি ১৯৫৬ অ্যাক্ট সংশোধনের সুপারিশ করা হয়েছে।

বিশ্বায় এক শ্রেণ প্রিফিং-এ কমিশন প্রধান বিচারপতি হাবিবুর রহমান খান বলেন, কমিশনের অবতীর্ণ কাজ সম্পন্ন হয়েছে। মঙ্গলবার প্রধান উপদেষ্টার সঙ্গে দেখা করে প্রতিবেদন পেশ করবে। পরবর্তীকালে প্রতিবেদন প্রকাশ করা হবে। তিনি বলেন, লেজুড রাজনীতির কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহিংস ঘটনা ত্রুত ছড়িয়ে পড়ে। কোংরা রাজনীতির কারণে ছাত্র-শিক্ষকদের মধ্যে সম্পর্কের অবনতি হয়েছে। এ জন্য কমিশনের প্রতিবেদনে উপরাজনীতি বন্ধের সুপারিশ করা হচ্ছে। তিনি বলেন, কমিশন প্রধানের বিচারিক ফরজা না থাকায় বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠনের সীতামালা সংশোধনের জন্য সুপারিশ করা হচ্ছে।